

ন্যায্য আবাসন কি?

প্রতিটি নিউইয়র্কবাসীই আবাসনের ন্যায্য ও সমান দাবিদার। NYC মানবাধিকার আইন অনুসারে নিউইয়র্কে সরকারি ও বেসরকারি আবাসন, জমি এবং ব্যবসায়িক কাজের জায়গার ক্ষেত্রে বৈষম্য করা নিষিদ্ধ। এর মানে এই যে কোনো বাড়ির মালিক, সুপারিনটেন্ডেন্ট, বিল্ডিং ম্যানেজার, দালাল, এবং জমির দালাল সহ কোনো লোকের প্রকৃত বা আইনের আওতায় সুরক্ষার স্থিতির কারণে বিক্রয়, ভাড়া ও লীজের ক্ষেত্রে বৈষম্য করতে পারবে না।

এইসব ক্ষেত্রে বেআইনি:

- আবাসন বিক্রয়, ভাড়া ও লীজ দিতে অস্বীকার করলে
- অতিরিক্ত অর্থ চাইলে অথবা বেশী ভাড়া, সিকিউরিটি ডিপোজিট বা অতিরিক্ত ফী চাইলে
- বিজ্ঞাপন দিয়ে নির্দিষ্ট ধরনের ভাড়াটে খোঁজা বা নির্দিষ্ট ধরনের ভাড়াটেকে ভাড়া দেওয়া
- ভাড়াটের যথাযথ মেরামতি না করে বাড়ি দেওয়া অথবা সমান পরিষেবা প্রদান না করা
- সরকারি রেন্টাল অ্যাসিট্যান্স নিতে অস্বীকার করা

প্রকৃত ও সুবক্ষিত স্থিতি:

- বয়স
- জাতি
- বর্ণ
- ধর্মবিশ্বাস/ধর্ম
- জাতীয় উৎপত্তি
- লিঙ্গ
- আয় (ভাড়ার জন্য নগদ সহায়তা ও সোশ্যাল সিকিউরিটি আয় সহ সরকারি রেন্টাল অ্যাসিট্যান্স যেমন ধারা 8, LINC বা FEPS বা যে কোনো রকমের পাবলিক অ্যাসিট্যান্স ব্যবহার করা)
- পেশা
- অভিবাসন স্থিতি
- শিশুদের উপস্থিতি
- পারিবারিক সহিংসতার শিকারের স্থিতি, যৌন সহিংসতা বা উত্ত্যক্ত করা (7/26/16 অনুসারে)
- লিঙ্গ পরিচয়
- প্রতিবন্ধী
- গর্ভাবস্থা
- যৌন অভিমুখ
- বৈবাহিক বা সঙ্গীর স্থিতি

NYC তে আবাসন সংক্রান্ত বৈষম্যতার কোনো সুযোগ নেই

ন্যায্য আবাসন
আপনার অধিকার।
এটি আপনার দায়িত্ব
এটিই আইন।

NYC

মানবাধিকার
কমিশন

আবাসন সংরক্ষণ
এবং বিকাশ

[f](#) [@](#) [t](#) [You Tube](#) @NYCCHR @NYCHousing

#FairHousingNYC

NYC

মানবাধিকার
কমিশন

আবাসন সংরক্ষণ
এবং বিকাশ



বাস্তব পরিস্থিতি আপনাকে বৈষম্য শনাক্ত করতে সাহায্য করবে

NYC তে ন্যায্য আবাসন সম্পর্কে প্রতিটি ভাড়াটে কে যে 5টি জিনিস সম্পর্কে জানতে হবে

- 1 কোনো বাড়িওয়ালার লীজ অস্বীকার, বেশী পরিমাণ অর্থ, অতিরিক্ত ফী, বিভিন্ন সুযোগ ও পরিষেবা অস্বীকার বা মেরামত আপনার সুরক্ষিত অবস্থার জন্য (ন্যায্য আবাসন কি? সারণী দেখুন) অস্বীকার করতে পারবে না।
- 2 আপনার প্রতিবন্ধকতার কারণে আপনি থাকার জন্য ন্যায্য আবেদন করার অধিকার আপনার আছে। বেশীরভাগ পরিস্থিতিতে, মাত্রাহীন কষ্ট না হলে বাড়িওয়ালাকে অর্থ প্রদান করা আবশ্যিক। একটি ন্যায্য থাকার জায়গা এইরকম হতে পারে, উদাহরণস্বরূপ, আপনার বিন্দিং বা আপনার অ্যাপার্টমেন্টের কোনো ভৌত পরিবর্তন অথবা আপনার মানসিক সহায়ক পশু রাখার অনুমোদনের জন্য বিন্দিংয়ের নীতিতে পরিবর্তন।
- 3 সমস্ত উপলভ্য আবাসন দেখার অধিকার আপনার আছে। আপনাকে কোনো নির্দিষ্ট জায়গায়, পাড়া অথবা অ্যাপার্টমেন্টে সীমিত পরিষেবা প্রদান বা পাঠানো যাবে না। উদাহরণস্বরূপ, কোনো বাড়িওয়ালার বা রোকোর কখনই আপনাকে বলতে পারবেন যে “শুধুমাত্র পরিবারবর্গের জন্য” অথবা “কাজ করবে না” কারণ প্রত্যাশিত ভাড়াটে একজন প্রতিবন্ধী।
- 4 বাড়িওয়ালাকে অবশ্যই সরকারি রেন্টাল অ্যাসিস্ট্যান্স স্বীকার করতে হবে। আপনি যদি ধারা 8, LINC, HASA, SSI/SSDI অথবা অন্যান্য পাবলিক অ্যাসিস্ট্যান্স পান তাহলে ছয় বা তার বেশী ইউনিট বিন্দিং আছে এমন বাড়িওয়ালাকে অবশ্যই রেন্টাল অ্যাসিস্ট্যান্স স্বীকার করতে হবে।
- 5 আপনার সুরক্ষা অবস্থার ভিত্তিতে অন্যান্য ভাড়াটে সহ লোকেরা আপনাকে হয়রানি বা হুমকিমূলক আচরণ বা মন্তব্য করতে পারবে না (ন্যায্য আবাসন কি? এর সারণী দেখুন)।

যদি আপনার মনে হয় যে আপনি বৈষম্যের শিকার হয়েছেন তাহলে 311 নম্বরে কল করুন এবং NYC মানবাধিকার কমিশনের সঙ্গে কথা বলুন।

NYC তে ন্যায্য আবাসন সম্পর্কে প্রতিটি বাড়িওয়ালার/প্রোপার্টি ম্যানেজার/রোকোর কে যে 5টি জিনিস সম্পর্কে জানতে হবে

- 1 আইনের অধীনে সুরক্ষা অবস্থার ভিত্তিতে আপনাকে ভাড়া দিতে অস্বীকার করা যাবে না, বেশী ভাড়া চাওয়া যাবে না, অতিরিক্ত ফী চাওয়া যাবে না, বিভিন্ন পরিষেবা ও সুবিধা থেকে বঞ্চিত করা যাবে না অথবা মেরামতির পরিষেবা থেকে বঞ্চিত করা যাবে না। (ন্যায্য আবাসন কি? এর সারণী দেখুন)।
- 2 সুরক্ষিত অবস্থা মুক্ত ভাড়াটেদেরকে ভাড়া দেওয়া হবে না বলে বিজ্ঞাপন দেওয়া অথবা ঘোষণা জারি করা বেআইনি। উদাহরণস্বরূপ “ভাড়াচার নেওয়া হয় না” বা “শিশু নিষিদ্ধ” এমন লিখে বিজ্ঞাপন দেওয়া মানে হল আইন লঙ্ঘন।
- 3 বাড়িওয়ালার প্রতিবন্ধী ভাড়াটের সুবিধার জন্যে যথাসম্ভব বেবস্থা করতে হবে।
- 4 6 বা তার বেশী ইউনিট থাকা কোনো বিন্দিংয়ের ক্ষেত্রে আপনাকে অবশ্যই বর্তমান ও প্রত্যাশিত ভাড়াটের থেকে সমস্ত রকমের সরকারি রেন্টাল অ্যাসিস্ট্যান্স গ্রহণ করতে হবে। আপনি কোনো সরকারি রেন্টাল অ্যাসিস্ট্যান্স প্রত্যাখ্যান করতে পারবেন না।
- 5 আইন বেপারে আপনার কর্মীদের প্রশিক্ষিত করুন। আপনার হয়ে সুপারিনটেন্ডেন্ট, রক্ষণাবেক্ষণ কর্মী, দালাল এবং সেলসম্যান সহ আপনার কর্মী ও এজেন্টরা যা বলবে ও করবে সেক্ষেত্রে আইনত আপনাকে তার দায়ভার নিতে হবে। নিশ্চিত হোন যে আপনার কর্মী ও এজেন্টরা ন্যায্য আবাসনের আইন এবং কিভাবে তা মেনে চলতে হয় তা জানেন।

যদি আপনি NYC মানবাধিকারের আইন সম্পর্কে সেমিনারে যোগ দিতে চান তাহলে 311 নম্বরে ফোন করুন।

পরিস্থিতি #1

কোনো নতুন বাড়িওয়ালার সেখানে বসবাসরত একটি অভিবাসী পরিবারকে সম্ভাব্য পুলিশি কার্যকলাপের ফলে নির্বাসন হতে পারে এমন ভয় দেখিয়ে সেই আবাসন থেকে তুলে দেওয়ার চেষ্টা করছেন। NYC মানবাধিকার আইন অনুসারে অভিবাসন স্থিতির কারণে ভাড়াটেদের ঠকানো বেআইনি কাজ।

পরিস্থিতি #2

ছয় ইউনিট আছে এমন বিন্দিংয়ে দুই বেডরুমের অ্যাপার্টমেন্ট ভাড়া দেওয়া হবে বলে একটি শ্রেণীবদ্ধ বিজ্ঞাপন দেওয়া হয়েছে। হাসিনুল দালালের কাছে অ্যাপার্টমেন্ট সম্পর্কে জানতে যোগাযোগ করেছে এবং জানিয়েছে যে দুই বেডরুমের জন্য তার কাছে ধারা 8 আছে। দালাল বলেছে “দুঃখিত। আমরা ধারা 8 ভাড়াচার গ্রহণ করি না।” সরকারি রেন্টাল অ্যাসিস্ট্যান্সের মাধ্যমে অর্থপ্রদান করা হবে এই কারণে কোনো ভাড়াটে কে লীজ দিতে অস্বীকার করলে তা NYC মানবাধিকার আইন বিরোধী কাজ।

পরিস্থিতি #3

সামিনা প্রতিবন্ধী যার ফলে সে খুব উদ্বিগ্ন থাকে ও প্যানিক অ্যাটাকের শিকার হয় কিন্তু যখন সে ভাইয়ের কুকুরের পরিচর্যা করে তখন সুস্থ থাকে। সামিনার ডাক্তার মানসিক সহায়তার জন্য তার সঙ্গে পোষ্য রাখার পরামর্শ দিয়েছে, কিন্তু যখন সে বাড়িওয়ালাকে তা জানিয়েছে, তখন বাড়িওয়ালা পোষ্য রাখতে দেবেন না বলে জানিয়েছেন এবং জরিমানা করার হুমকি দিয়েছেন। আবাসনে অসুবিধা না থাকলে NYC মানবাধিকার আইন অনুসারে প্রতিবন্ধী ভাড়াটেদের জন্য বাড়িওয়ালার ন্যায্য আবাসন প্রদান করতে বাধ্য।